



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা,  
ঢাকা বিভাগ।



Email: ddddhaka@gmail.com  
www.dpe.dhakadiv.gov.bd

নম্বর: ৩৮.০১.৩০০০.০০০.০৮.০০২.১৯.৪১২

তারিখ: ৪ বৈশাখ ১৪২৯

১৭ এপ্রিল ২০২২

### অফিস আদেশ

প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা এর আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিম্নবর্ণিত শিক্ষকগণ তীর্থস্থান ভ্রমণ নিমিত্ত ভারত গমন ও অবস্থানের অনুমতি প্রদানসহ বর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১)(II) ধারা মোতাবেক অর্ধগড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুর করা হলো।

ক্রমিক নং	শিক্ষকের নাম পদবী	ছুটি ভোগের সময়	ভ্রমণের উদ্দেশ্য ও স্থান
১.	জনাব বুদ্ধদেব বিশ্বাস, সহকারী শিক্ষক, ৬১ নং জোতকুরা সপ্রাবি, কাশিয়ানী, গোপালগঞ্জ।	২২/০৪/২০২২ থেকে ১৫ (পনের) দিন	তীর্থস্থান ভ্রমণ; ভারত
২.	জনাব তৃষ্ণা বিশ্বাস, সহকারী শিক্ষক, ৬১ নং জোতকুরা সপ্রাবি, কাশিয়ানী, গোপালগঞ্জ।	২২/০৪/২০২২ থেকে ১৫ (পনের) দিন	তীর্থস্থান ভ্রমণ; ভারত
৩.	জনাব রমা রানী খান, সহকারী শিক্ষক, ৬১ নং জোতকুরা সপ্রাবি, কাশিয়ানী, গোপালগঞ্জ।	২২/০৪/২০২২ থেকে ১৫ (পনের) দিন	তীর্থস্থান ভ্রমণ; ভারত
৪.	জনাব গোবিন্দ বিশ্বাস, সহকারী শিক্ষক, ৫৬ নং আড়াকান্দি সপ্রাবি, কাশিয়ানী, গোপালগঞ্জ।	২২/০৪/২০২২ হতে বা যাত্রার তারিখ থেকে ২০(বিশ) দিন।	তীর্থস্থান ভ্রমণ; ভারত

### শর্তাবলী :

- ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে।
- বর্ণিত শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন;
- বিদেশ ভ্রমণ ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;
- তিনি ছুটিকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন;
- তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।
- অনুমোদিত বহি: বাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না;
- অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এ ছুটি ভোগের ক্ষেত্রে B.S.R (Part-1) এর Appendix-Viii এর Rule-34 এর বিধান প্রযোজ্য হবে;

২। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ৩১ জানুয়ারি ২০১৯ তারিখের ৩৮.০০২.০০৫.০০.০০১.২০১৪-১১৯ স্মারক মূলে এ আদেশ জারী করা হলো।



১৭-৪-২০২২

তাহমিনা খাতুন

উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৯০০০০৯৭

ইমেইল: ddddhaka@gmail.com

নম্বর: ৩৮.০১.৩০০০.০০০.০৮.০০২.১৯.৪১২/১(১০)

তারিখ: ৪ বৈশাখ ১৪২৯  
১৭ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা
- ২) মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা
- ৩) ঢাকাস্থ ভারতীয় হাইকমিশন, ঢাকা
- ৪) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা
- ৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ
- ৬) উপজেলা শিক্ষা অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ
- ৭) উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ
- ৮) ইমিগ্রেশন অফিসার, স্থলবন্দর(সকল), বাংলাদেশ।
- ৯) জনাব.....সহকারী শিক্ষক,.....সপ্রাবি, কাশিয়ানী, গোপালগঞ্জ।
- ১০) সংরক্ষণ, নথি



১৭-৪-২০২২

তাহমিনা খাতুন

উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)